রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

নং-২৫.৩৯.০০০০.০০৯.৯৯.০৫৭(৪).০৮- তারিখঃ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের অনুষ্ঠিত দ্বিতীয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ খুরশীদ আলম, সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক, ঢাকা। |
| সভার স্থান | : | সদস্য (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১১.১২.২০২৩, সকালঃ ১১.০০ টা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য জারীকৃত নির্দেশনা/কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তাদের সমন্বয়ে সভা করার বিধান রয়েছে। চলতি অর্থবছরে এটি দ্বিতীয় সভা। তিনি সভায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তাদের নিষ্ঠার সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করেন। তিনি সভাকে আরো জানান যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে যে সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে, সে মোতাবেক সেবা প্রদান করা সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব। কোন কর্মকর্তা/কর্মচারী যদি সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান না করে থাকেন, তাহলে সেবা গ্রহীতা তার আর্থিক ক্ষতির জন্য সেবা প্রদানকারীর নিকট ক্ষতিপূরণ দাবী করতে পারবেন। সুতরাং সবাইকে সেবা প্রদানের ক্ষেত্রে এ বিষয়টি বিবেচনায় নিতে হবে। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার জন্য কমিটির সদস্য সচিব-কে অনুরোধ করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অংশ হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে। বার্ষিক কর্মস্পাদন চুক্তি (APA) তে ভালো করতে হলে অবশ্যই সেবা প্রদান প্রতিশ্রুতিতে ও ভালো করতে হবে। এ বিষয়ে তিনি সকল শাখা/দপ্তর প্রধানের সহযোগিতা আশা করেন। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে বিভিন্ন সূচকের অগ্রগতি পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি পরবর্তী মাসের ০২ (দুই) তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ। |
| ০২ | ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে। উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য কমপক্ষে ০১টি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | আয়োজন করা প্রয়োজন। | প্রশিক্ষনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে হবে। | |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে অংশীজনের (Stackholders) অংশগ্রহণে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | সবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে অংশীজনের (Stackholders) অংশগ্রহণে সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীলতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১২/২০২৩

(মোহাম্মদ খুরশীদ আলম)
সদস্য (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং-২৫.৩৯.০০০০.০০৯.৯৯.০৫৭(৪).০৮-৪৭ তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সদস্য (প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/পরিকল্পনা/উন্নয়ন নিয়ন্ত্রণ/এস্টেট ও ভূমি), রাজউক, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
০৭। নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা প্রণয়ন/পরিকল্পনা ও বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
০৮। প্রকল্প পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
০৯। উপ-পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১০। উপ-নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
১১। অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১৩। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা।
১৪। আইন কর্মকর্তা (সকল), রাজউক, ঢাকা।
১৫। ............................................................................, রাজউক, ঢাকা।
১৬। লিঁয়াজো অফিসার, রাজউক ঢাকা [চেয়ারম্যান (সচিব), রাজউক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৭। গার্ড ফাইল।

১৩/১২/২৩

পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

Programmer

১৪/১২/২০২৩